# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩২৯৩

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/২০. খাঞ্চা ও দস্তরখানে আহার করা

بَاب الأَكْلِ عَلَى الْخِوَانِ وَالسُّفْرَةِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ يُوسُفَ الْجُبَيْرِيُّ، حَدَّثَنَا أَبُو بَحْرٍ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ، حَدَّثَنَا قَتَادَةُ، عَنْ أَنَسٍ، قَالَ مَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ أَكَلَ عَلَى خِوَانٍ حَتَّى مَاتَ .

বাংলা

২/৩২৯৩। আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তাঁর ইন্তেকালের পুর্ব পর্যন্ত কখনও খাঞ্চা ভরে আহার করতে দেখিনি।

## English

It was narrated that Anas said:
“I never saw the Messenger of Allah (ﷺ) eat from a dish until he died.”

ফুটনোট

সহীহুল বুখারী ৫৩৮৫, ৫৩৮৬, ৫৪১৫, তিরমিযী ১৭৮৮, ২৩৬৩, আহমাদ ১১৮৮৭, ১১৯১৬, ১১৯৬৫, ১৩১৯৮।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আবু বাহর আল-বাকরাবী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য নয়, তিনি নির্ভরযোগ্য নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, মানুষ তার হাদিস বর্জন করেছে। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, আমার দৃষ্টিতে তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৮৯৭, ১৭/২৭১ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবু বাহর আল-বাকরাবী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৫১ টি শাহিদ হাদিস

রয়েছে, ১০ টি খুবই দুর্বল, ১৩ টি দুর্বল, ১৪ টি হাসান, ১৪ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৫৪১৪, তিরমিযি ১৭৮৮, আহমাদ ১১৯১৬, শারহুস সুন্নাহ ২৮৩৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ▯ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44257

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন